বামন্দী ইউপির চেয়ারম্যান কমলের উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী ইউনিয়ন পরিষদের উদ্যোগে এস ডি জি বাস্তবায়নের লক্ষ্যে ওয়ার্ড পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা শীর্ষক উন্মুক্ত ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (২০ই মে) বিকেলে উপজেলার বামন্দী ইউনিয়নের (৭নং ওয়ার্ড) দেবীপুর ডি জে এম সি মাধ্যমিক বিদ্যালয় ও (৪নং ওয়ার্ড) বালিয়াঘাট সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে দুটি পৃথক ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়।

দেবিপুর গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন ৭নং ওয়ার্ড ইউপি সদস্য মোঃ হীরক আলী এবং বালিয়াঘাট গ্রামের ওয়ার্ড সভায় সভাপতিত্ব করেন গাংনী উপজেলা কৃষক লীগের সাবেক সভাপতি মোশাররফ হোসেন।

পৃথক দুটি ওয়ার্ড সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ ওবায়দুর রহমান কমল।

এ সময় বীর মুক্তিযোদ্ধা মো: আব্দুল বাকী,বামন্দী ইউনিয়নের সচিব মোঃ মনিরুল ইসলাম, বামন্দী ইউপির সদস্য আশাদুল হক, ইউপি সদস্য মোছাঃ হাজেরা খাতুন, ইউপি সদস্য মোছাঃ সাগরী খাতুন, বামন্দী ইউপির সাবেক সদস্য হাবিল উদ্দিন ও রবিউল ইসলাম সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং এলাকাবাসী উপস্থিত ছিলেন।

গাংনীতে ব্যবসায়ীকে কুপিয়ে

ডাকাতির ঘটনায় ২ ডাকাত গ্রেফতার

গাংনীতে ব্যবসায়ীকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে মোটরসাইকেল ও নগদ টাকা ডাকাতি করার মামলায় ২ ডাকাতকে গ্রেফতার করেছে থানা পুলিশ। আজ শনিবার (২০ মে) সন্ধ্যা সাড়ে ৬ টার সময় গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের একটি টিম গাংনী উপজেলার কাথুলি এলাকায় অভিযান চালিয়ে এই দুই ডাকাতকে গ্রেফতার করেন।
গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার নওপাড়া গ্রামের কাবরান আলীর ছেলে মো: বেল্টু (৩৫) ও একই গ্রামের মাঠপাড়া এলাকার ইসমাইল হোসেনের ছেলে মো: খোকন ওরফে বুদু(৪৫)।
ওসি আব্দুর রাজ্জাক জানান, গত ৯ এপ্রিল দিবাগত রাতে সাড়ে ৮ টার দিকে মাসে গাংনী উপজেলার সাহারবাটি-পুড়াপাড়া রাস্তার হোগলডাঙ্গা এলাকায় গাংনী শহরের ব্যবসায়ী সাদ্দাম হোসেন ওরফে সবুজকে রামদা দিয়ে কুপিয়ে মোটরসাইকেল ও নগদ টাকা ডাকাতি করে নিয়ে যায়। এঘটনায় ৩৯৫/৩৯৭ প্যানাল কোড এর ধারায় গাংনী থানায় দায়ের করা মামলা নং ৮, তারিখ ৯/৪/২৩ ইং। ঘটনার কয়েক দিন পর এই ডাকাতির সাথে যুক্ত গাংনী উপজেলার সাহারবাটি গ্রামের দুলাল হোসেন, সুরজ আলী, কাজিপুর গ্রামের নাসির উদ্দীন ও কুষ্টিয়ার দৌলতপুরের রবিউল ইসলামকে গ্রেফতার ও মোটরসাইকেল, মোবাইল উদ্ধার করা হয়। এই ডাকাতির ঘটনায় এখনো ৩ আসামি গ্রেফতার হবে বলে জানিয়েছেন ওসি আব্দুর রাজ্জাক।
গ্রেফতারকৃতদের থানায় এনে জিজ্ঞাসাবাদে ডাকাতির ঘটনায় জড়িত বলে প্রাথমিকভাবে স্বীকার করেছেন।
আগামিকাল রবিবার (২১ মে) সকালের দিকে আদালতে নেয়া হবে।

মেহেরপুরে পুলিশ-

[redacted]

‘[redacted]-[redacted] [redacted] [redacted] [

মেহেরপুরে ৩০ কোটি টাকার লিচু বিক্রির সম্ভাবনা

মেহেরপুরে লিচু বাগান জুড়ে থোকায় থোকায় ঝুলছে গাড় লাল ও গোলাপি রংয়ের লিচু। সুস্বাদু ও রসালো এবং শাঁসে ভরপুর। প্রচন্ড তাপদাহ সহ্য করেও লিচুর বাম্পার ফলন হয়েছে চলতি মৌসুমে লিচু চাষ করে লাভের মুখ দেখছেন কৃষকরা। লিচু আবাদ লাভজনক হওয়ায় চাষে ঝুঁকে পড়া কৃষকরা বলছেন,দেশের বাজারেই নয়,বিদেশে রপ্তানি করার সুযোগ সৃষ্টি হলে লিচু আবাদে বৈদেশিক মুদ্রা অর্জন সম্ভব। তবে রপ্তানিমুখি করতে কৃষি বিভাগকে আন্তরিক হওয়ার দাবী কৃষকদের।

ব্যবসায়ীরা বলছেন মেহেরপুরের লিচুর পরিচয় পেলে পাওয়া যায় বেশি দাম এবং বাড়ে ক্রেতাদের চাহিদা । চলতি মৌসুমে ৩০ থেকে ৩২ কোটি টাকার লিচু উৎপাদনের সম্ভাবনা নিয়ে কৃষকদের প্রয়োজনীয় সহায়তা দেয়া হচ্ছে বলে জানিয়েছেন কুষি বিভাগ।

মেহেরপুর জেলা জুড়ে রয়েছে অসংখ্য লিচুবাগান। জেলায় এবার ৬৯০ হেক্টর জমিতে লিচু চাষ হয়েছে। প্রচন্ড তাপদাহ উপেক্ষা করেও চলতি মৌসুমে প্রায় ৪০০০ মেট্রিকটন লিচু উৎপাদনের লক্ষমাত্রা ধরা হয়েছে। যা জেলার মানুষের চাহিদা পুরুনের পাশাপাশি দেশের বিভিন্ন জেলায় কদরে বিক্রি হচ্ছে মেহেরপুরের লিচু। বর্তমানে বাগানে বাগানে এবং হাটে বাজােও চলছে লিচু ভাঙ্গা ও বেচা কেনার মহাউৎসব।

আম-কাঁঠালের পাশাপাশি জেলায় লিচুর চাহিদাও রয়েছে ব্যাপক। ভৌগলিক কারণে মেহেরপুরে আগাম জাতের লিচু চাষ হয়। দাম ভালো থাকায় জেলায় দিনদিন বৃদ্ধি পাচ্ছে লিচুর চাষ। তবে এবছর তেমন ঝড়ঝাপটা না থাকায় সব গাছেই লিচুর বাম্পার ফলন হয়েছে। অতিমাত্রায় তাপপ্রবাহের কারনে অনেক গাছের লিচুর খোঁষা ফেটে শুকিয়ে যাচ্ছে । অনেকেই খোঁষা ফেটে যাওয়া ঠেকাতে লিচু গাছে নিয়মিত সেচ দিচ্ছেন এবং লিচুতে পানি স্প্রে করছেন।

এবছর জেলায় দেশী ও আটি মোজাফ্ফর,বোম্বাই,আতা বোম্বাই ও চাইনা
- ৩ জাতের লিচুর চাষ হয়েছে। বাজারে উঠতে শুরু করেছে মোজাফ্ফর ও বোম্বাই জাতের লিচু। চাইনা -৩ জাতের লিচু বাজারে আসতে আরও দুএক

সপ্তাহ সময় লাগবে।

মেহেররপুর সদর উপজেলার ঝাওবাড়িয়া গ্রামের লিচু চাষি আব্দুর রহিম জানান, নিজের ৫ বিঘা জমিতে লিচুর বাগান রয়েছে। পরিবারের চাহিদা পুরুনের পাশাপাশি আত্নীয় স্বজনদের লিচু দিয়ে থাকেন।অবশিষ্ঠ লিচু অন্যান্য বছর পাইকারি বিক্রি করলেও এবছর তিনি নিজেই খুচরা বাজারে বিক্রি করছেন। এক পন (৮০টি) লিচু বিক্রি করছেন ১৬০ টাকা থেকে ১৮০ টাকায়। অর্থাৎ ১০০০ লিচু বিক্রি হচ্ছে ১৬০০ টাকা থেকে ১৮০০ টাকায়।

ভিন্ন দেশে থেকে যেমন বিভিন্ন ফল আমদানি করা হয়,তেমনি ভাবে আমাদের মেহেরপুরের ফল লিচু সরকারি ভাবে বিদেশে রপ্তানি করার সুযোগ তৈরীর দাবী জানান এই বাগান মালিক। ভাল ফলন ও দামে অনেক খুশি বাগান মালিক আব্দুর রহিম।

মেহেরপুর পৌর কলেজ পাড়ার আরেক চাষি মো; উজ্জল হোসেন জানান, তিনবিঘা জমিতে লিচুর বাগান করেছেন। এক সপ্তাহ ধরে তিনি লিচু বিক্রি শুরু করেছেন। লিচু শেষ হলে তিনি লাভ লোকসান ভুঝবেন। তবে তিনি এবছর খরচ বাদ দিয়ে দুই লাখ টাকা লাভের আশা করছেন।

সদর উপজেলার ঝাওবাড়িয়া গ্রামের লিচু বাগান মালিক আব্দুল হান্নান জানান, তার তিন বিঘা জমিতে লিচুর বাগান করেছেন। উক্ত বাগানের লিচু পাকা শূরুর আগেই পাইকারি বিক্রি করেছেন। এবছর তিনি আড়াই লাখ টাকার লিচু বিক্রি করেছেন। তিনি আরও জানান, আমাদের মেহেরপুরের আম বিদেশে রপ্তানি করা হচ্ছে। আমের পাশাপাশি যদি লিচু বিদেশে রপ্তানি করার সুযোগ সৃষ্টি করা হয় তাহলে চাষিরা আরও লাভবান হবে।

গাংনীর সাহারবাটি গ্রামের বাগান মালিক গোলাম ফারুক জানান, তিনি দুই বিঘা জমিতে লিচুর বাগান করেছেন। এবছর প্রচুর লিচু হয়েছিল তার বাগানে। তিনি পেশায় একজন সরকারি চাকুরিজীবী তাই খুচরা বিক্রি সম্ভব হয়নি। একরকম বাধ্য হয়েই পাইকারি বিক্রি করতে হয়েছে লিচু। দেড় লাখ টাকায় বিক্রি করেছেন তার লিচু বাগান। সরকারের কাছে তিনি দাবী রেখে জানান, আমাদের দেশের মানুষের কাছে বিদেশি ফলের অনেক কদর রয়েছে। বিদেশ থেকে প্রতি বছর অনেক টাকার ফল আমদানি করা হয়। অথচ আমাদের দেশি ফল লিচু অনেক সু-স্বাদু। বিশেষ করে মেহেরপুরে উৎপাদিত ফল ফলালি দেশের বিভিন্ন জেলায় খ্যাতি অর্জন করেছে। বিদেশেও মেহেরপুরের আমের পাশাপাশি লিচুর খ্যাতি বয়ে আনতে চাই। সেজন্য প্রয়োজন সরকারি পৃষ্ঠপোষকতা।

গাংনীতে মদ ও গাঁজাসহ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে ডিবি

মেহেরপুরের গাংনী উপজেলার সহড়াতলা গ্রামে অভিযান চালিয়ে ৭ বোতল মদ ও এক কেজি গাঁজাসহ ইকরামুল হক নামের এক মাদক কারবারিকে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।
গ্রেফতারকৃত ইকরামুল হক ওই গ্রামের বাগানপাড়ার ইকতার আলী ছেলে। গতকাল শুক্রবার (১৯ মে) বিকালের দিকে ডিবির এসআই আশরাফুলের নেতৃত্বে পুলিশের একটি দল সেখানে অভিযান চালায়। অভিযানে এসআই কাহী মহসিন, এএসআই নো: হেলাল উদ্দিন অংশ নেন।এসময় তার বাড়িতে তল্লাশি চালিয়ে সাত বোতল মদ ও এক কেজি গাঁজা উদ্ধার করে। এঘটনায় গাংনী থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়েছে।

১০ দফা দাবি আদায়ে মেহেরপুরে বিএনপির বিক্ষোভ সমাবেশ

বেগম খালেদা জিয়ার নিঃশর্ত মুক্তিসহ ১০ দফা দাবি আদায়, গায়েবি মামলায় নির্বিচারে গ্রেফতার, মিথা মামলা ও পুলিশি হয়রানির প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে বিক্ষোভ কর্মসূচী পালন করেছে জেলা বিএনপি।

শুক্রবার বিকালে মেহেরপুর জেলা বি’এন’পির কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

সাবেক এমপি ও মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুনের সভাপতিত্বে ও পৌর বিএনপি সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায়

বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির ভাইস চেয়ারম্যান এ্যড. জয়নাল আবেদিন। বিশেষ বক্তা ছিলেন জাতীয় নির্বাহী কমিটির সহ সাংগঠনিক সম্পাদক বাবু জয়ন্ত কুমার কুন্ডু। বক্তব্য দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন, আলমগীর খান ছাতু, যুগ্ম সম্পাদক প্রভাষক ফয়েজ মোহাম্মদ, সদস্য জাকির হোসেন, সদর উপজেলা বিএনপির সভাপতি মারুফ হাসান বিজনসহ জেলা ও উপজেলা বিএনপির সকল পর্যায়ের নেতৃবৃন্দ।

বিক্ষোভ সমাবেশে কেন্দ্রীয় নেতারা বলেন, এদেশের জনগন এখন আর আওয়ামীলীগের সাথে নেই। উচ্চ আদালতের নির্দেশনা অধীনস্থ আদালত ও পুলিশ এখন আর মানেনা। মেহেরপুর হ সারা দেশ থেকে ঢাকা অভিমুখে পদযাত্রা করে সরকারের পতন ঘটানো হবে। ২০১৮ সালের মত নির্বাচন এ দেশে আর হবে না, জনগনই প্রতিহত করবে। আর তারেক রহমান রাজার বেশে বাংলাদেশে ফিরে আসবেন।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন,’জনগনের সংগ্রাম শুরু হয়েছে আজকের এই ১৯ তারিখে। লড়ায়ের মধ্য দিয়ে আগামী তিন মাসের মধ্যে এই সরকারের পতন ঘটানো হবে।’

গাংনীতে চিরকুট লিখে বন্ধুর বাড়িতে যুবকের আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের বেতবাড়ীয়া গ্রামে স্ত্রী-বাবা ও মায়ের উপর অভিমানে চিরকুট লিখে বন্ধুর বাড়িতে আত্মহত্যা করেছেন সাইদুল ইসলাম (২০) নামের এক যুবক। যুবক সাইদুল বেতবাড়ীয়া গ্রামের রিফুজীপাড়ার শাহিন আলীর ছেলে।

শুক্রবার সকালের দিকে বেতবাড়ীয়া গ্রামের পূর্বপাড়ার বন্ধু পারভেজ আলীর ঘরের আড়ার সাথে গলায় রশি পেঁচানো সাইদুলের মরদেহ উদ্ধার করে গাংনী থানা পুলিশ।

স্থানীয়রা জানান কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার সিহালা গ্রামের

ইকবাল হোসেনের মেয়ে ফাতেহা খাতুনের সাথে প্রেমেজ সম্পর্কের সূত্র ধরে এক বছর আগে বিয়ে হয় সাইদুলের। সাইদুল ঢাকার একটি কোম্পানীতে চাকরী করে আসছিলেন। তিনি কয়েকদিন পূর্বে (আগে) ছুটিতে বাড়িতে আসেন। বাড়িতে এসে শুনেন স্ত্রী ফাতেহা তাকে তালাক দিয়ে বাবার বাড়িতে চলে গেছেন। এনিয়ে অভিমানে সাইদুল তার বাবা- মায়ের সাথে অসদাচরণ করেন। এক পর্যায়ে সে বাবা-মায়ের উপর অভিমানে বন্ধু একই গ্রামের পারভেজ আলীর বাড়িতে আশ্রয় নেন।

বৃহস্পতিবার রাতে খাবার খাওয়ার পর সাইদুল তার বন্ধু পাভেজ এর বাড়িতে শুয়ে পড়েন। বন্ধুর পারভেজ ঘুমিয়ে গেলে,সাইদুল ওই ঘরের আড়ার সাথে গলায় রশি পেঁচিয়ে আত্মহত্যা করেন। সকালে ঘুম থেকে উঠে পারভেজ দেখেন সাইদুলের মরদেহ ঘরের আড়ার সাথে ঝুলছে। পরে পুলিশকে খবর দেয়া হয়।

এদিকে আত্মহত্যার আগে সাইদুল একটি চিরকুট লিখেছেন। তার মৃত্যুর জন্য কেউ দায়ি নয় এমন কথা লিখেছেন চিরকুটে।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান প্রাথমিক ভাবে মনে হচ্ছে এটি একটি আত্মহত্যা।

মুজিবনগরে থানা পুলিশের অভিযানে ৮ জন আসামি গ্রেফতার

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে থানা পুলিশ গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতে উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান পরিচালনা করে গ্রেফতারি পরোয়ানাভুক্ত ৮ আসামিকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

এদের মধ্যে এস সি ২২/২২ ভবানীপুর গ্রামের আবুল কালামের ছেলে জহুরুল ইসলাম, জিআর ৬৯/২০ আনন্দবাস গ্রামের তাহাজ উদ্দিনের ছেলে হিলটন আলী, জি আর ১৫/২০, বাগোয়ান গ্রামের আব্দুল হান্নান খানের ছেলে মনিরুল ইসলাম ওরফে ময়না, সি আর ১১৯/২৩ কোমরপুর গ্রামের মৃত মুরাদের ছেলে মোহাম্মদ আলী, সি আর ১১৯/২৩ কোমরপুর গ্রামের

মোহাম্মদের ছেলে সাইফুল ইসলাম, সি আর ১১৯ /২৩ কোমরপুর গ্রামের মোহাম্মদ আলীর স্ত্রী মনোয়ারা খাতুন, সি আর ১১৯/ ২০ কোমরপুর গ্রামের আহমদ আলীর ছেলে আরিফুল ইসলাম এবং মুজিবনগর থানার নং-৮ মামলার এজাহারভুক্ত আসামী মহাজনপুর গ্রামের খেদের আলীর ছেলে রহিদুল ইসলাম গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশের একাধিক টিম।

গ্রেফতার কৃত আসামিদের শুক্রবার বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে ২ বিঘা জমির কলা গাছ কেটে তসরুপ

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের বাবুপুর দর্গাতলা মাঠে সদর উপজেলার টেংরামারী গ্রামের মৃত ফকির মহাম্মদ বিশ্বাস এর ছেলে জোয়াদ আলীর ২ বিঘা জমির কলা গাছ কেটে তসরুপ করেছে দুর্বৃত্তরা।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতের কোন এক সময় এ সমস্ত কলাগাছ কেটে দেওয়া হয়েছে এবং এতে তার ২ লক্ষ ৫০ হাজার টাকা থেকে ৩ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে জানান চাষী জোয়াদ আলী।

তিনি জানান উক্ত জমি নিয়ে উপজেলার বাবুপুর গ্রামের মৃত ছয়রদ্দীন এর ছেলে আজাদ, মোনাজাত, আজগর আলী, কামাল হোসেন, তাহাজ আলীদের সাথে বিরোধ আছে তারাই আমার কলা গাছ গুলো কেটে আমাকে ক্ষতিগ্রস্ত করে আমার জমি জোর পুর্বক দখল করতে চাই।

গত কয়েকদিন আগে ওই জমির ১০/১২ টি কলাগাছ কেটে দেয় তারা এ বিষয়ে মুজিবনগর থানায় একটি অভিযোগ দায়ের করেছি। আজকে মুজিবনগর থানায় বসার কথা ছিল বলে তিনি জানান।

কলা গাছ কাটার বিষয়ে পরিবারের সবার সাথে পরামর্শ করে আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন বলে তিনি জানান।

দুই বিঘা জমির কলাগাছ কেটে তো তছরুপ করার বিষয়ে অভিযুক্তদের কাছে জানতে চাওয়া হলে তারা জানান, জমি নিয়ে জোয়াদ আলীর সাথে তাদের বিরোধ চলছে এবং এই জমি আমাদের। কোন কাগজপত্র না থাকার

পরেও জোয়াদ আলী জোরপূর্বক জমি দখল করে আছে কিন্তু আমরা এত পাষন্ড নয় যে আমরা একটা ফলন্ত ফসল কেটে দেব। এ কলা গাছ কাটার বিষয়ে আমরা কিছুই জানিনা আমাদের নামে জোয়াদ আলী যে অভিযোগ দিয়েছে তার সম্পূর্ণ মিথ্যা ও বানোয়াট।

এ বিষয়ে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল জানান, দুই বিঘা জমির কলা গাছ কাটার বিষয়ে আমার কাছে কোন অভিযোগ আসেনি। অভিযোগ আসলে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করা হবে।

সেই রুপার বিরুদ্ধে ডিজিটাল আইনে মামলা

জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি অবমাননা করায় মেহেরপুর শহরের বির্তকিত নারী নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে ডিজিটাল নিরাপত্তা আ্ইনে আদালতে মামলা দায়ের করেছে আতাউর রহমানের নামের এক ব্যক্তি।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট তারিক হাসানের আদালতে ১৪১/১৪২/১৪৯/২২৪/৪১৬/৪১৯/তৎসহ ডিজিটাল নিরাপত্তা আইনের ২১(ক) ধারায় নিলুফার ইয়াসমিন রুপার বিরুদ্ধে এই মামলাটি দায়ের করেন তিনি।
মামলার বিবরণে জানা গেছে, আসামি নিলুফার ইয়াসমিন রুপাকে দূর্দান্ত প্রকৃতির প্রতারক চক্রের সক্রিয় সদস্য উল্লেখ করে তিনি মামলায় লেখেন, রুপা দেহ ব্যবসায়ীর সাথে বিভিন্ন অপকর্ম করে বেড়ায়। নিরিহ ব্যক্তিদের ব্লাকমেল করে নগ্ন ছবি তুলে মোটা অংকের টাকা আদায় করে থাকেন।

নিলুফার ইয়াসমিনের বিরুদ্ধে অপকর্মের বিষয় প্রাথমিক ভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানা পুলিশ বাদী হয়ে মামলা দায়ের করেছে। যার মেহেরপুর সদর থানার মামলা নং ৩২, তারিখ ২/১১/২২ ইং, জিআর মামলা নং ৪২৯/২২ ধারা ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬/পিসি তৎসহ পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে ৮(১), ৮(২), ৮(৩), ৮(৪) ।

[illegible]